

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.১৫৩৫

তারিখ: ১৯/০৯/২০২৪ খ্রি.

বিষয়: ষষ্ঠ থেকে নবম শ্রেণির ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা পরিচালনার জন্য সংক্ষিপ্ত পাঠ্যসূচি অনুসরণ বিষয়ক বিশেষ নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র: এনসিটিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৩৪; তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও এনসিটিবি কর্তৃক প্রেরিত সূত্রোক্ত পত্রের আলোকে ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক পরীক্ষা পরিচালনার জন্য সাধারণ নির্দেশনা ও বিষয়ভিত্তিক নির্দেশনায় প্রদত্ত সংক্ষিপ্ত পাঠ্যসূচি এবং নমুনা প্রশ্নপত্র ও মানবন্টন ইতিমধ্যে শিক্ষা প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হয়েছে। বিগত কয়েক মাসের পরিবর্তিত প্রেক্ষাপটে শ্রেণিকার্যক্রম বিঘ্নিত হয়েছে এবং শিক্ষাবর্ষের অবশিষ্ট সময়ে সংক্ষিপ্ত পাঠ্যসূচি মোতাবেক শ্রেণিকক্ষের শিখন কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না বলে শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকমহল থেকে দাবি করা হয়েছে। বিষয়টি বিবেচনায় নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আগামী বার্ষিক পরীক্ষার পূর্ব পর্যন্ত প্রদত্ত সংক্ষিপ্ত সিলেবাসের যতটুকু অংশ সম্পন্ন করতে পারবে তার ভিত্তিতে নমুনা প্রশ্নপত্রের আলোকে প্রশ্নপত্র প্রণয়ন করে বার্ষিক পরীক্ষা গ্রহণ করতে পারবে। তবে প্রদত্ত সংক্ষিপ্ত পাঠ্যসূচি/সিলেবাস যথাসম্ভব সম্পন্ন করে পরীক্ষা গ্রহণ করার বিষয়টি সর্বোচ্চ বিবেচনায় নেওয়ার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এস এম জিয়াউল হায়দার হেমরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)

৪১০৫০১১৮

বিতরণ:

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা;
- ০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল);
- ০৪। মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা উপদেষ্টার দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০৫। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৬। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৭। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);
- ০৮। জেলা প্রশাসক (সকল);
- ০৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)[পত্রের নির্দেশনা তীর আওতাধীন সংশ্লিষ্টদের বাস্তবায়নের অনুরোধসহ];
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ১১। জেলা শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা তীর আওতাধীন সংশ্লিষ্টদের বাস্তবায়নের অনুরোধসহ];
- ১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ১৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা তীর আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের অবহিতকরণের অনুরোধসহ];
- ১৪। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি.....;
- ১৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১৬। সংরক্ষণ নথি।